



ইজিসিবি সংবাদ

ইজিসিবি এর কর্মকান্ড সম্পর্কিত একটি ত্রৈমাসিক প্রকাশনা
২০২৫-২৬, সংখ্যা ০২, অক্টোবর-ডিসেম্বর, ২০২৫



২৪ ডিসেম্বর, ২০২৫ বুধবার ইজিসিবি'র ২৮-তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত বিদ্যুৎ বিভাগ, বিউবো এবং ইজিসিবি'র কর্মকর্তাবৃন্দের একাংশ। সভায় ইজিসিবির সার্বিক বিষয়ে আলোচনা হয় এবং আলোচনা শেষে অতিথিবৃন্দ নৈশভোজে অংশ নেন।

ইজিসিবি'র বিদ্যুৎকেন্দ্রসমূহে মহান বিজয় দিবস উদযাপন

ইজিসিবি'র ২৮-তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত



মহান বিজয় দিবসে ইজিসিবি'র বিদ্যুৎ কেন্দ্রসমূহে জাতীয় পতাকা উত্তোলন এবং শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন

৫৪ বছর আগে এই দিনে, স্বাধীন বাংলাদেশের জন্ম হয়েছিল রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে। মহান বিজয় দিবস উদযাপনের অংশ হিসেবে ইজিসিবি'র বিদ্যুৎ কেন্দ্রসমূহে ১৬ ডিসেম্বর প্রত্যুষে জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

ইজিসিবি'তে বছরের সেরা কর্মকর্তা/কর্মচারী নির্বাচিত

ইজিসিবি'তে স্বপ্রনোদিত হয়ে নিজ শ্রম ও মেধা প্রয়োগের মাধ্যমে ইজিসিবি'র জন্য অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব মোঃ নাঈম আশরাফ (নির্বাহী প্রকৌশলী) ও জনাব হাফিজুল আজাদ চৌধুরী (উপ-বিভাগীয় প্রকৌশলী) যৌথভাবে ২০২৫ এর সেরা কর্মকর্তা ও জনাব মোঃ জাকির হোসেন সরদার (ফোরম্যান) সেরা কর্মচারী হিসেবে নির্বাচিত হন। নির্বাচিত কর্মকর্তা/কর্মচারী ইজিসিবি'র ২৮ তম এজিএম, ২০২৫ এ উপস্থিত থেকে পুরস্কার গ্রহণ করেন।



নির্বাচিত সেরা কর্মকর্তা/কর্মচারী (২০২৫) ইজিসিবি'র ২৮ তম এজিএম, ২০২৫ এ উপস্থিত থেকে পুরস্কার গ্রহণ করেন

২৪ ডিসেম্বর, ২০২৫ বুধবার ইজিসিবি'র ২৮-তম বার্ষিক সাধারণ সভা বিদ্যুৎ ভবনে অনুষ্ঠিত হয়। সভায় কে এম আলী রেজা, চেয়ারম্যান, ইজিসিবি লিঃ ও অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ (বিজ্ঞাখস) মন্ত্রণালয় সভাপতিত্ব করেন। এছাড়াও ইজিসিবি বোর্ডের পরিচালকবৃন্দ এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, পাওয়ার সেল এর মহাপরিচালক মহোদয় এবং বিদ্যুৎ বিভাগ ও বিউবো'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ইজিসিবি'র সম্মানিত চেয়ারম্যান মহোদয় ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে ইজিসিবি'র সার্বিক দিক সম্পর্কে আলোকপাত করা হয় এবং ইজিসিবি'র উত্তরোত্তর উন্নয়ন ও সমৃদ্ধি কামনা করা হয়। অনুষ্ঠান শেষে অতিথিগণ নৈশভোজে অংশগ্রহণ করেন। এই সভায় বিনিয়োগকারীদের জন্য নগদ লভ্যাংশের ঘোষণা দেওয়া হয়। সভায় শেয়ারহোল্ডারদের জন্য মোট ২ কোটি টাকা নগদ লভ্যাংশ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত ও ঘোষণা করা হয়।

হরিপুর ৪৯২ মেঃ ওঃ সিসিপিপি এর উদ্ভাবনী আইডিয়াঃ DCS-Based Control Strategy for Polyhedral Screen Backwash Operation

সমস্যা এবং এর কারণ ও প্রভাব সম্পর্কিত সংক্ষিপ্ত বিবৃতি : Polyhedral Screen Backwash সিস্টেমটি Siemens PLC এর দ্বারা পরিচালিত হয়। PLC-এর লজিক অনুযায়ী, নির্ধারিত সময় অন্তর (প্রতি ৩০ মিনিট) দুটি Solenoid Valve পর্যায়ক্রমে Energized হয় এবং Instrument Air দ্বারা Backwash কার্যক্রম সম্পন্ন হয়। পর্যায়ক্রমে দুটি Polyhedral Screen-এর Backwash শুরু হলে, প্রথম Screen-এর Backwash ঠিকভাবে সম্পন্ন হলেও পরবর্তী Screen-এ পর্যাপ্ত Air Pressure না থাকায় Backwash কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন হয় না। Backwash ভালোভাবে না হলে Demi Water Tank এর লেভেল অনেক কমে যেতে পারে। যার ফলশ্রুতিতে Steam Turbine Trip এর আশংকা রয়েছে। বর্তমানে Siemens PLC ছাড়া অন্য কোনো ব্যবস্থা নেই। প্রস্তাবিত আইডিয়াটি বাস্তবায়নের মাধ্যমে পুরো সিস্টেমটিকে সহজেই Control করা সম্ভব হবে। যার ফলে কোন Air Pressure Drop ছাড়াই নির্দিষ্ট সময় পরপর Solenoid Valve ২টি অপারেট করবে এবং DCS থেকে Control করতে পারবে। নিশ্চিতভাবেই এটি Steam Turbine এর Reliability Enhancement এ ভূমিকা রাখবে।

সমস্যার প্রস্তাবিত সমাধান/আইডিয়া :

- Polyhedral Screen Backwash System-এর Control Logic, Siemens PLC থেকে DCS-এ Re-design এবং Implement করা।
- অপারেটরদের জন্য Central Control Room (CCR) থেকে সম্পূর্ণ Remote Operation এর সুবিধা প্রদান।
- Backwash কার্যক্রমের জন্য Manual এবং Automatic এই দুইটি Operation Mode চালু করা।
- Automatic Backwash কে Time Control Mode (নির্দিষ্ট সময় পরপর Backwash) এবং Pressure Control Mode (Air Pressure এর নির্দিষ্ট Set Point অতিক্রম করলে Backwash) ভাগে ভাগ করা হয়।
- একসাথে একটির বেশি Solenoid Energize না করে Sequential Interlock Logic তৈরি করা, যাতে Air Pressure Drop না হয়।
- DCS Graphics ও Alarm/Indication এর মাধ্যমে প্রতিটি Polyhedral Screen-এর Backwash Status মনিটরিং করা।



DCS Integration এর পর Intake System Backwash Control Room

ইআরপি সাপোর্ট টিকিটিং সিস্টেমে গতি ও স্বচ্ছতা: ইজিসিবি লিমিটেডের ডিজিটাল অগ্রযাত্রা

ইজিসিবি লিমিটেডের ডিজিটাল রূপান্তর কার্যক্রমের অংশ হিসেবে আইসিটি বিভাগ চালু করেছে একটি আধুনিক ইজিসিবি সাপোর্ট সিস্টেম, যার মাধ্যমে অভ্যন্তরীণ সেবা ব্যবস্থায় এসেছে গতি, শৃঙ্খলা ও স্বচ্ছতা। এর আগে ইআরপি ও আইসিটি-সংক্রান্ত সমস্যাগুলো অনানুষ্ঠানিকভাবে বিভিন্ন মাধ্যমে জানানো হতো। ফলে অনেক ক্ষেত্রে সমস্যা সমাধানে সময় লাগত বেশি, অগ্রগতি পর্যবেক্ষণ করা যেত না এবং দায়বদ্ধতা নির্ধারণে জটিলতা তৈরি হতো। এসব সীমাবদ্ধতা কাটাতে কেন্দ্রীয়ভাবে পরিচালিত এই সাপোর্ট প্ল্যাটফর্ম চালু করে ইজিসিবি। নতুন ব্যবস্থায় ইআরপি ও আইসিটি সংক্রান্ত প্রতিটি সমস্যার জন্য আলাদা টিকিট খোলা হয় এবং প্রতিটি টিকিটের জন্য নির্দিষ্ট আইডি বরাদ্দ থাকে। ফলে সাপোর্ট কার্যক্রম আগের মতো তাৎক্ষণিক প্রতিক্রিয়াভিত্তিক না হয়ে একটি পরিকল্পিত ও নিয়ন্ত্রিত ব্যবস্থায় রূপ নিয়েছে। ৩০ অক্টোবর ২০২৫ তারিখ সিস্টেমটি চালুর পর থেকে ইতোমধ্যে ৩৭০টির বেশি সাপোর্ট টিকিট সফলভাবে নিষ্পত্তি করা হয়েছে। গড় সমস্যা সমাধানের সময় প্রায় ৬০ শতাংশ কমে এসেছে। একই সঙ্গে সব সমস্যার পূর্ণাঙ্গ রেকর্ড সংরক্ষিত থাকায় স্বচ্ছতা বেড়েছে এবং অডিট ও কমপ্লায়েন্স সংক্রান্ত কাজ সহজ হয়েছে। এই সাপোর্ট সিস্টেম থেকে পাওয়া তথ্য বিশ্লেষণের মাধ্যমে কোন ধরনের সমস্যা বেশি হচ্ছে, কোন মডিউলে ঘন ঘন জটিলতা দেখা দিচ্ছে কিংবা কোথায় বেশি সময় ব্যয় হচ্ছে—তা সহজেই জানা যাচ্ছে।

সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ ওঃ সিসিপিপি এর উদ্ভাবনী আইডিয়াঃ নদীর পানিতে এয়ারেশন (Aeration) এর মাধ্যমে কেমিক্যাল

Consumption কমানো

শুক্ক মৌসুমে শীতলক্ষ্যা নদীর পানি দূষণের পরিমাণ উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পায়। নদীর এই পানি পরিশোধনে বছরে অত্র প্লান্টের পরিচালন বিভাগের প্রায় ৮০০ টন সোডিয়াম হাইপোক্লোরাইট প্রয়োজন হয়। এছাড়াও শুক্ক মৌসুমে দেশব্যাপী সোডিয়াম হাইপোক্লোরাইট এর চাহিদা বাড়ায় এর সরবরাহ বিঘ্নিত হয়। ওয়াটার প্রি-ট্রিটমেন্টে ব্যবহৃত উক্ত কেমিক্যালের খরচ ও নির্ভরশীলতা কমানোর উপায় হিসেবে জনাব মোঃ এমদাদুল হক মোল্লা, উপ-ব্যবস্থাপক (কেমিক্যাল), নদীর পানিতে এয়ারেশন (Aeration) এর মাধ্যমে উক্ত কেমিক্যাল Consumption কমানোর এই উদ্ভাবনী চিন্তার প্রস্তাব দেন। এ পদ্ধতিতে নদীর ইনটেক বেসিন এর পানিতে সিদ্ধিরগঞ্জ ২*১২০ মেঃ ওঃ পিপিপি তে বৃদ্ধমান একটি এয়ার কম্প্রেসরের মাধ্যমে এয়ার বা বাতাস যোগ করা হয়। এয়ারেশন (Aeration) এর মাধ্যমে নদীর পানিতে থাকা ক্ষতিকর গ্যাস যেমন CO₂, H₂S (দুর্গন্ধযুক্ত গ্যাস) ও মিথেন (CH₄) বের হয়ে যায়। নদীতে দ্রবীভূত লৌহ (Fe³⁺) ও ম্যাঙ্গানিজ (Mn³⁺) অক্সিডাইজ হয়ে Fe(OH)₃ ও MnO₂ তৈরি হয় যা পরে সহজে আলাদা/ফিল্টার করা যায়। দ্রবীভূত অক্সিজেন (DO) বৃদ্ধি করে এতে অ্যারোবিক ব্যাকটেরিয়ার কার্যকারিতা বৃদ্ধি পায় যা পানিতে থাকা কিছু জৈব পদার্থ ভেঙে দিয়ে সহজে আলাদা করে দেয়। সর্বপরি এয়ারেশন (Aeration) এর মাধ্যমে পানির ঘোলা ভাব ও দুর্গন্ধ হ্রাস পায় ফলে সোডিয়াম হাইপো-এর ব্যবহার যথেষ্ট পরিমাণে হ্রাস পায় এবং ফিল্টার মিডিয়ামের কাজ কমে লাইফ টাইম বৃদ্ধি পায়। এই উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়নে বছরে ব্যয় কমবে আনুমানিক প্রায় ছত্রিশ লক্ষ টাকা।



ইজিসিবি এর সোনাগাজী ৭৫ মেঃ ওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র বিশ্বব্যাংক প্রতিনিধিদল পরিদর্শন করেছেন

ইজিসিবি লিঃ-এর পরিচালনায় ফেনীর সোনাগাজীতে অবস্থিত ৭৫ মেঃ ওঃ গ্রিড-সংযুক্ত সৌর বিদ্যুৎ কেন্দ্রটি গত ১৮ অক্টোবর ২০২৫ তারিখে পরিদর্শন করেন বিশ্বব্যাংক এর উচ্চপর্যায়ের প্রতিনিধিদল। নবায়নযোগ্য জ্বালানি খাতের অগ্রগতি, প্রকল্পের বাস্তবায়ন সক্ষমতা ও পরিচালন কাঠামো প্রত্যক্ষ করতে এ পরিদর্শন অনুষ্ঠিত হয়। পরিদর্শনকালে প্রতিনিধিদল বিদ্যুৎ কেন্দ্রের সৌর প্যানেল, ইনভার্টার সিস্টেম, সাব-স্টেশন, কন্ট্রোল রুম ও নিরাপত্তা ব্যবস্থা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করেন। তারা বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন সক্ষমতা, অপারেশন ও মেইনটেন্যান্স কার্যক্রম, পরিবেশ ব্যবস্থাপনা এবং প্রযুক্তিগত মানদণ্ডের সার্বিক দিক পর্যালোচনা করে সন্তোষ প্রকাশ করেন। পরিদর্শন শেষে প্রতিনিধিদল এ প্রকল্পের টেকসই পরিচালনা ও ভবিষ্যৎ সম্প্রসারণ সম্ভাবনা নিয়ে সন্তোষ প্রকাশ করেন এবং নবায়নযোগ্য জ্বালানি খাতে বাংলাদেশকে সহায়তা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন।



বিশ্বব্যাংক প্রতিনিধিদল কর্তৃক ইজিসিবি এর সোনাগাজী ৭৫ মেঃ ওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

ইজিসিবি WePOWER কমিটির উদ্যোগে জেডার অ্যাওয়ারেনেস ওয়ার্কশপ আয়োজন

ইজিসিবি'র WePOWER কমিটি কর্তৃক ০৭ অক্টোবর ২০২৫ তারিখে “জেডার অ্যাওয়ারেনেস ওয়ার্কশপ ২০২৫” আয়োজন করা হয় যা কর্মক্ষেত্রে অন্তর্ভুক্তি ও সমতার পরিবেশ গড়ে তোলার চলমান প্রচেষ্টায় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে চিহ্নিত হয়েছে। ওয়ার্কশপে প্রধান বক্তা ও রিসোর্স পারসন হিসেবে বিশ্বব্যাংক, বাংলাদেশে কর্মরত আন্তর্জাতিকভাবে স্বীকৃত জেডার ফ্যাসিলিটের মিস শাম্মিন সুলতানা ছিলেন। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন ইজিসিবি'র সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক এবং কর্পোরেট অফিসের সকল কর্মকর্তা এতে অংশগ্রহণ করেন। এই তাৎপর্যপূর্ণ সেশনে অংশগ্রহণকারীরা একটি ভারসাম্যমূলক, সম্মানজনক এবং ক্ষমতায়নমূলক কর্মপরিবেশ তৈরির বিষয়ে মূল্যবান দৃষ্টিভঙ্গি অর্জন করেন, যা ইজিসিবি'র টেকসই ও অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির ভিশনের সাথে সম্পূর্ণ সামঞ্জস্যপূর্ণ। এছাড়াও ইজিসিবি'র WePOWER কমিটি কর্তৃক ইজিসিবিতে কর্মরত নারীদের জন্য ০৭ অক্টোবর ২০২৫ তারিখে “নার্সিং দ্য নার্সার: নবজাতক শিশুর মায়ের মানসিক স্বাস্থ্য” শীর্ষক একটি বিশেষ কর্মশালার আয়োজন করা হয়।



ইজিসিবি WePOWER কমিটির উদ্যোগে জেডার অ্যাওয়ারেনেস ওয়ার্কশপ আয়োজন

ইজিসিবি তে Grid Connected Solar Power Plant ও Solar Plant Performance বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে

ইজিসিবি'র পিএন্ডডি বিভাগের আয়োজনে গত ০৩ নভেম্বর ২০২৫ এবং ০৫ নভেম্বর ২০২৫ তারিখ ০২ (দুই) দিনব্যাপী কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে Grid Connected Solar Power Plant এবং Solar Plant Performance বিষয়ক ০২টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে ইজিসিবি'র ২৩ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন এবং রিসোর্স পার্সন হিসেবে পিএন্ডডি বিভাগের প্রধান প্রকৌশলী জনাব ইব্রাহীম আহমদ শাফী আল মোহতাদ দায়িত্ব পালন করেন। প্রশিক্ষণার্থীদের Solar Power Plant ও Solar Plant Performance বিষয়ক Evaluation সম্পন্ন করা হয়।



ইজিসিবি তে Grid Connected Solar Power Plant ও Solar Plant Performance বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে

হরিপুর ৪১২ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রে ভূমিকম্প বিষয়ক সচেতনতামূলক সভা, মহড়া ও ইলেক্ট্রিক শক ড্রিল আয়োজিত

হরিপুর ৪১২ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রে গত ২৫ নভেম্বর ২০২৫ তারিখে ভূমিকম্প বিষয়ক সচেতনতামূলক সভা ও মহড়া আয়োজন করা হয়েছে। উক্ত সভা ও মহড়ায় ভূমিকম্প কালীন, ভূমিকম্প পরবর্তী ও পূর্ব প্রস্তুতি এবং করণীয় বিষয়ে আলোচনা করা হয়েছে। এছাড়াও হরিপুর ৪১২ মেঃওঃ সিসিপিপি এর কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে ইলেক্ট্রিক শক এ আহত ব্যক্তি কে উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা প্রদান ও জরুরি সময়ে করণীয় সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ১৬ নভেম্বর ২০২৫ ইলেক্ট্রিক শক ড্রিলের আয়োজন করা হয়।



হরিপুর ৪১২ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রে ভূমিকম্প বিষয়ক সচেতনতামূলক সভা আয়োজিত

হরিপুর ৪১২ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রে স্বয়ংক্রিয় জেনারেশন নিয়ন্ত্রণ (এজিসি) বাস্তবায়ন

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)-এর নির্দেশনা অনুযায়ী, কোনো বিদেশি বিশেষজ্ঞের পরামর্শ ছাড়াই আই অ্যান্ড সি বিভাগের কর্মকর্তাদের মাধ্যমে ২০২৫ সালে হরিপুর ৪১২ মেগাওয়াট কন্সট্রাকশন সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে স্বয়ংক্রিয় জেনারেশন নিয়ন্ত্রণ (এজিসি) সফলভাবে বাস্তবায়ন করা হয়।

হরিপুর ৪১২ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র এবং সিদ্ধিরগঞ্জ ২x১২০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের ডিপেন্ডেবল ক্যাপাসিটি টেস্ট সম্পন্ন

গত ২২ অক্টোবর ২০২৫ তারিখে হরিপুর ৪১২ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের ডিপেন্ডেবল ক্যাপাসিটি টেস্টে ক্যাপাসিটি ৪১২ মেঃওঃ পাওয়া গেছে। পরবর্তী ক্যাপাসিটি টেস্ট সম্পাদন না হওয়া পর্যন্ত উক্ত বিদ্যুৎ কেন্দ্রের ক্যাপাসিটি ৪১২ মেগাওয়াট বলবৎ থাকবে। গত ১৯ ডিসেম্বর ২০২৫ তারিখে সিদ্ধিরগঞ্জ ২x১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্ট এর ১৪ তম চুক্তি বছরের ডিপেন্ডেবল ক্যাপাসিটি টেস্ট সফলভাবে সম্পন্ন হয়।

সিদ্ধিরগঞ্জ ২x১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্ট-এ অগ্নিনির্বাপন মহড়া অনুষ্ঠিত

গত ২২ নভেম্বর ২০২৫ তারিখ বিকাল ২:৩০ ঘটিকায় সিদ্ধিরগঞ্জ ২x১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্ট-এ অগ্নিনির্বাপন মহড়া অনুষ্ঠিত হয়। উক্ত মহড়ায় প্ল্যান্টের স্টোরে ভবনের সামনে একটি কৃত্রিম অগ্নিকান্ড ঘটানো হয় হাইড্রেন্ট সিস্টেম ব্যবহার করে কিভাবে অগ্নি নির্বাপন করতে হবে সে অনুশীলন করা হয়। মহড়ায় সকল কর্মকর্তা ও কর্মচারী অংশগ্রহণ করেন।



সিদ্ধিরগঞ্জ ২x১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্ট-এ অগ্নিনির্বাপন মহড়া অনুষ্ঠিত